দৈনিক সংবাদ

২৭/৪/২০০১

তারিখ ----------

পৃষ্ঠা ...২... কলাম ...৬......

# বরগুনায় সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচি আবার চাঙ্গা হয়েছে

বরগুনা থেকে চিত্তরঞ্জন শীল ঃ ঝিমিয়ে পড়া গণশিক্ষা কার্যক্রম সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচি হঠাৎ করে চাঙ্গা হয়েছে। কেন্দ্রগুলোতে শিক্ষার্থীর সংখ্যা দ্বিগুণ বেড়েছে। প্রশাসনসহ পরিদর্শকদের ঘন ঘন কেন্দ্র পরিদর্শন, ধর-পাকড় ও পুলিশি হয়রানির ভয়ে শিক্ষার্থীরা কেন্দ্রে আসতে বাধ্য হচ্ছে।

সেপ্টেম্বর ২০০০ থেকে বরগুনায় গণশিক্ষা কার্যক্রম শুরু হয়। ১৯৯৮ সালের সমন্বিত হিসাব অনুযায়ী রবগুনার জনসংখ্যা হচ্ছে ৯ লাখ ৩ হাজার ৭শ ৫৪ জন। এদের মধ্যে ১১-৪৫ বছর বয়স্ক নিরক্ষরের সংখ্যা হচ্ছে ১ লাখ ২২ হাজার ৯৭ জন।

সম্প্রতি ব্যাপক প্রচারণা চালানো হচ্ছে। জেলা প্রশাসন ও সাংবাদিকদের সমন্বয়ে প্রচার উপ-কমিটি গঠন করা হয়েছে। বুধবার (২৫-৪-২০০১) থেকে প্রচার কার্যক্রম শুরু করা হয়। সাংবাদিকরা প্রচারে নেতৃত্ব দিচ্ছেন। অবহেলাকারী কেন্দ্র শিক্ষক ও সুপারভাইজারদের গ্রেফতারের সিদ্ধান্ত হয়েছে। নিরক্ষররা যে সব সুযোগ-সুবিধাবঞ্চিত হবে তা জানিয়ে দেয়া হচ্ছে। আগামী ৮ জুন গণশিক্ষা শিক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। তারপরেই বরগুনাকে নিরক্ষরমুক্ত 'জাগ্রত বরগুনা' ঘোষণা করা হবে।